



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০১.১৮.১১৩

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ।
০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগভীর পরিবেশে পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগভীর পরিবেশে পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা বিগত ২৬ জুলাই ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. আপনার দপ্তর/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Shahin
০২.০৮.১৮

মোঃ শাহিন মিয়া

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃপ্রোগ্রাম/বীপস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশ্র), বিএডিসি, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৫. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ(রেজি নং বি-১৯০৩), সিবিএ, কৃষি ভবন, ঢাকা।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ২৬ জুলাই ২০১৮; সকাল ০৯:০০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) প্রস্তাবিত কর্মসূচি উপস্থাপন করেন।


০২. বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০১.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার বিএডিসি'র অধীনস্থ সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলন করা। জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার হেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না এবং মানসম্পন্ন কাপড়ে যথা নিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ সকল অফিস প্রধান, সকল প্রধান শিক্ষক।
০২.	বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আগস্ট ২০১৮ মাস ব্যাপী কালো ব্যাজ ধারণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ সকল অফিস প্রধান।
০৩.	জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার কৃষি ভবনস্থ মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ের মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা করা।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ ও সকল অফিস প্রধান।
০৪.	জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ ও সমন্বয় বিভাগ।
০৫.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্থানীয় জেলা ও উপজেলা পশাসন কার্যকর নির্ধারিত	সংশ্লিষ্ট সকল বিভাগ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
	কর্মসূচিতে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিষয়টি আবশ্যিকভাবে অবহিত করবেন।	
০৬.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সারাদেশে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি এবং জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতার আয়োজন করা। ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার প্রতিযোগিতার আয়োজন করা।	সংশ্লিষ্ট বিভাগ, সকল প্রধান শিক্ষক।
০৭.	সদর দপ্তর ও মাঠ পর্যায়ে বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং জাতীয় কর্মসূচিতে অংশ গ্রহণ নিশ্চিত করা।	সকল বিভাগ/দপ্তর প্রধান।
০৮.	জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ সকল উইং, বিভাগ, দপ্তর ও শাখার কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা এবং গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ Kiosk এ প্রদর্শন করা।	সকল উইং, বিভাগ ও দপ্তর প্রধান/ জনসংযোগ বিভাগ।
০৯.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সদর দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত যানবাহনে যাতায়াতের ব্যবস্থা করা।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১০.	জাতীয় শোক দিবস উপলক্ষে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশ করা। সে উপলক্ষে আগ্রহীদের নিকট থেকে আগামী ১০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে লেখা সংগ্রহ করা।	জনসংযোগ বিভাগ।
১১.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার বাদ জোহর তবারক বিতরণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১২.	কৃষি ভবনস্থ মসজিদের সাউন্ড বক্সের সাথে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজ কক্ষের সাউন্ড বক্স সংযোগ দেয়া।	নির্মাণ বিভাগ।
১৩.	জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা।	অর্থ বিভাগ।

০৩. সভাপতি “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আন্তরিকতার সাথে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০২/০৮/১৮
মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

জাতীয় শোক দিবস, ২০১৮ পালনের
প্রস্তুতিমূলক সভা।